

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০১৮

সোনামুড়া, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

### মেলাঘর ব্লকে রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপিত

মেলাঘর ব্লকের রাজঘাটে সম্প্রতি রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা তরুন দেববর্মা এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়, ভাইস চেয়ারপার্সন গুরুপদ রায়, কাউন্সিলার হিমাংশু রায়, মেলাঘর আইসিডিএস প্রজেক্টের সিডিপিও শ্রাবণী রায় প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজশিক্ষা পরিদর্শক উত্তম কুমার দাস। অনুষ্ঠানে অতিথিগণ রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনের গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*